R. N. No. 2532/57 Phone No. RGG.112 Regd No.—WB/MSD—4

*Our Bricks are made of soil*
*Your dreams are made of our toil*
NIRMAN
"Piyal Kunja"
Kamal Kumari Devi Sarani
Haridasnagar
P. O. Raghunathganj
Dist. Murshidabad
Phone : Office 28 Resi : 161

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

বিবাহ উৎসবে
ভি, ডি ও ক্যাসেট স্যুটিং
এর জন্য যোগাযোগ করুন—
ষ্টুডিও চিত্রশ্রী
রঘুনাথগঞ্জ :: মুর্শিদাবাদ

৭৬শ বর্ষ
২৪শ সংখ্যা
রঘুনাথগঞ্জ ১৫ই কার্তিক বুধবার, ১৩৯৬ সাল।
১লা নভেম্বর, ১৯৮৯ সাল।
নগদ মূল্য : ৪০ পয়সা
বার্ষিক ২০্

## নির্বাচন পর্বের প্রথম পর্যায় শেষ, বামফ্রণ্ট প্রচারে এগিয়ে

রাজনৈতিক সংবাদদাতা : গত ৩১ অক্টোবর প্রার্থীদের বৈধতার পরীক্ষা শেষ হওয়ার সাথে সাথে প্রথম পর্যায়ের নির্বাচন কার্য্যক্রম শেষ হলো। এরপর ২ নভেম্বর নাম প্রত্যাহারের দিন গত হলে প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের সঠিক চিত্র পাওয়া যাবে। আপাততঃ জঙ্গিপুর কেন্দ্রে প্রার্থী র'য়েছেন— বামফ্রণ্ট একজন, কংগ্রেস একজন, এস, ইউ, সি একজন, বিজেপি দুইজন ও মুসলিম লিগ দুইজন। এখনও অবশ্য প্রচারের তাপ তেমন অনুভব হচ্ছে না। তবে প্রথম পর্যায়ে বামফ্রণ্ট তথা সি, পি, এম দেওয়াল লিখনে বেশ এগিয়ে রয়েছে। শহর গ্রামের প্রায় দেওয়ালেই তাদের প্রার্থীর প্রচার দেখা যাচ্ছে। মাঝে মধ্যে এস, ইউ, সি সাইকেলের ছবি নজরে পড়ছে। কংগ্রেসের দেওয়াল লিখন প্রার্থী মোঃ সোহরাবের বাড়ী মঙ্গলজন ও কর্মস্থল বাড়ালা গ্রামের আশে পাশে কোন রকমে কংগ্রেসের অস্তিত্ব ঘোষণা করছে। ধুলিয়ান অঞ্চলে জামায়েত ইসলামী হিন্দ (J. I. H.) সৎ এবং চরিত্রবান ব্যক্তিকে ভোট দেবার মানবিক আবেদন জানিয়ে অজস্র হাতে লেখা পোষ্টার দিয়েছে। (৫ম পৃষ্ঠায়)

## স্থানীয় বিধায়কের বিবৃতিতে কংগ্রেসীদের ক্ষোভ

জঙ্গিপুর : রামজন্মভূমি বনাম বাবরী মসজিদ নিয়ে সারা ভারতে যে বিতর্ক চলছে সে ব্যাপারে স্থানীয় বিধায়ক কংগ্রেসের হাবিবুর রহমান, মুসলীম লীগের বিধায়ক হাসানুজ্জমানের সঙ্গে হিন্দু বিরোধী যে বিবৃতি দেন তা সম্প্রতি কলকাতা বেতার কেন্দ্র (শেষ পৃষ্ঠায়)

## ফরাক্কা ব্লকের শান্তিপ্রিয় মানুষ দাঙ্গাতংকে ভুগছেন

ফরাক্কা : সম্প্রতি ভাগলপুরের দাঙ্গায় ক্ষতিগ্রস্ত ও ভীত বেশ কিছু মুসলমান স্থানীয় ব্লকে এসে বিভিন্ন বাড়ীতে আশ্রয় নিয়েছেন। এতে উত্তেজনার সৃষ্টি হয়েছে এবং সুযোগ সন্ধানী কিছু ব্যক্তি এতদঞ্চলের মুসলিম জনতাকে ক্ষিপ্ত করার চেষ্টায় লিপ্ত রয়েছেন বলে খবর। এদেরই উস্কানীতে ৩০ অক্টোবর কেন্দুয়া গ্রামে রামশিলা পূজা অনুষ্ঠান করার ব্যাপারে ভীতি প্রদর্শন করা হয়। যদিও কেন্দুয়ায় পুলিশ প্রহরায় শান্তি বিঘ্নিত না হয়ে পূজা অনুষ্ঠিত হয় কিন্তু এন, টি, পি, সির অস্থায়ী কলোনীতে পূজা চলাকালীন বিভিন্ন সম্প্রদায়ের মধ্যে ঝগড়া হয়। ব্যারেজে ভারত সেবাশ্রম সঙ্ঘের সামনে কালীপূজা প্যাণ্ডেলে রামশিলা পূজা করার চেষ্টা হলে স্থানীয় এম এল এ আবুল হাসনাৎ সি, পি এম ক্যাডারদের নিয়ে বাধা দেন বলে জানা যায়। এত সত্ত্বেও এই ব্লকে ৫০টিরও বেশী রামশিলা পূজা হয়েছে বলে সংবাদ পাওয়া যায়। ৩১ অক্টোবর বিশ্ব হিন্দু পরিষদের যুগ্ম সম্পাদক (শেষ পৃষ্ঠায়)

## এক নজরে জঙ্গিপুর লোকসভা কেন্দ্র

বিধান সভা নির্বাচনী কেন্দ্র – ৭
থানা ৭
মোট ভোটার – ৯,৩১,৪৯৫ জন
মোট ভোটদান কেন্দ্র – ১,১৫৪

১৮ থেকে ২১ বছরের ভোটার—২৫,৬৫২ জন ৩০ অক্টোবর নমিনেশন পেপার জমা দিয়েছেন—৭ জন, ৩১ অক্টোবর স্ক্রুটিনীর পর বৈধ—৭ জন, ২ নভেম্বর নমিনেশন পেপার তুলে নেবার শেষ দিন. এখনও পর্যন্ত বামফ্রণ্ট—১, কংগ্রেস—১, এস. ইউ. সি—১, বি. জে. পি—২, মুসলিম লিগ—২, প্রার্থীদের নাম—জয়নাল আবেদীন (সি. পি এম),

মহঃ সোহরাব (কংগ্রেস), ডঃ ধনঞ্জয় দাস (বি, জে পি), অজিত মৈত্র (বি, জে, পি), আব্দুস সঈদ (এস, ইউ. সি. আই), মোসারাফ হোসেন (মুঃ লিঃ), বিশ্বাস মহঃ সামাউন (মুঃ লিঃ)।

## রামশিলা পূজায় শোভাযাত্রা ও মাইক নিষিদ্ধ করে আদেশ জারী

জঙ্গিপুর : গত ২৬ অক্টোবর স্থানীয় সরস্বতী লাইব্রেরী প্রাঙ্গণে বিশ্ব হিন্দু পরিষদের পরিচালনায় 'রামশিলা' পূজা অনুষ্ঠিত হয়। পরিষদের রঘুনাথগঞ্জের সম্পাদক প্রভাত সিংহরায় আমাদের প্রতিনিধিকে ক্ষোভের সঙ্গে জানান, মহকুমা শাসক তাঁর মেমো নং ৩৩১ তাং ২৫-১০-৮৯ বলে উক্ত অনুষ্ঠানের পূর্বে বা পরে কোন শোভাযাত্রা বা মাইকের ব্যবহার নিষিদ্ধ করে এক আদেশ জারী করেন। এই আদেশে ক্ষুব্ধ হয়ে পরিষদের স্থানীয় কর্ম্মকর্তারা বিকেলে লাইব্রেরী প্রাঙ্গণে এক জনসভা আহ্বান করেন। উক্ত জনসভায় স্থানীয় বহু নাগরিক যোগ দেন বলে খবর। সভায় বক্তাদের মধ্যে চিত্ত মুখার্জী প্রশাসনিক এই আদেশ হিন্দুদের ধর্ম্ম আচরণের অধিকারের উপর হস্তক্ষেপ বলে ক্ষোভ জানান এবং সকল ধর্ম্মপ্রাণ নাগরিককে প্রশাসনিক এই আদেশের বিরুদ্ধে ধিক্কার জানাতে আহ্বান করেন।

মহকুমার সাগরদীঘি থেকে ফরাক্কা পর্য্যন্ত সর্বত্রই বেশ কিছু স্থানে মহা সমারোহে (শেষ পৃষ্ঠায়)

## ফরাক্কা ব্যারেজে অভিনব ধর্ম্মঘট ও ঘেরাও

ফরাক্কা : এখানে ব্যারেজ কর্মীদের কোয়ার্টারে যে সমস্ত স্ত্রী পুরুষ ঝি চাকরের কাজ করেন তাঁরা ২০ অক্টোবর থেকে কাজ না করার সিদ্ধান্ত নিয়ে দলবদ্ধভাবে কাজ বন্ধ করে দেন। ঘটনার বিবরণে জানা যায়, জনৈক শৈলেন সাহা বাড়ীর কাজের (শেষ পৃষ্ঠায়)

বাজার খুঁজে ভালো চায়ের নাগাল পাওয়া ভার,
দার্জিলিঙের চূড়ায় ওঠার সাধ্য আছে কার?
শুনুন মশাই, স্পষ্ট কথা বাক্য পরিষ্কার
মনমাতানো দারুণ চায়ের ভাঁড়ার চা ভাণ্ডার।।
সবার প্রিয় চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন : আর জি জি ১৬

সর্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

১৫ই কার্ত্তিক বুধবার ১৩৯৬ সাল

## রণদামামা বাজিলোরে—

দেশের রাজনৈতিক দলগু'লকেই নয় সকল শ্রেণীর মানুষকে সচকিত করিয়া লোক-সভা নির্বাচনের দিন ঘোষিত হইয়াছে। নির্বাচনী কার্য্যক্রমও রাষ্ট্রপতির ঘোষণায় স্থিরীকৃত হইয়াছে। নির্বাচন যুদ্ধের রণদামামা বাজিয়া উঠিয়াছে। সকল পক্ষেই সাজসাজ রব উঠিয়াছে। আচমকা নির্বাচনী ঘোষণায় বিরোধী পক্ষ জনতা দল, বি জে পি এবং অপরাপর মার্ক্স'বাদী দলগুলিও চূড়ান্ত অসুবিধার মধ্যে পড়িয়াছে। এবারে তাহারা নীতি লইয়াছিল কংগ্রেসের বিরু.দ্ধ সরাসরি লড়াইয়ের। কিন্তু হঠাৎ নির্বাচনী ঘোষণায় তাহারা বিপাকে পড়িয়াছে। এক প্রতীক কিংবা আসন ভাগাভাগি করিয়া কংগ্রেসের বিরুদ্ধে সড়াসড়ি লড়াইয়ের পরিকল্পনা সফল হইল না। সি পি আই এবং সি পি এম সোজাসুজি ভি পি সিং নেতৃত্বকে জানাইয়া দিয়াছেন তাহারা বি জে পিকে সাম্প্রদায়িক হিন্দু মৌলবাদী দল বলিয়া মনে করে। সেক্ষেত্রে জনতা দল যদি বি জে পি নীতির বিরুদ্ধে প্রতিবাদ না করে, তবে জনতা দলের সহিত তাহারা কোন সমঝোতা করিবে না। বি জে পি পশ্চিমবঙ্গে মার্ক্স'বাদী দলগুলির বিরুদ্ধে বেশ কিছু কেন্দ্রে প্রতিদ্বন্দ্বিতা করিতেছেন। জঙ্গিপুর কেন্দ্রে বি জে পির প্রার্থী ডঃ ধনঞ্জয় দাস, যিনি এই অঞ্চলে সম্পূর্ণ অপরিচিত। কংগ্রেসের প্রার্থী তালিকায় রহিয়াছেন গতবারের পরাজিত মেঃ সোহরাব। সি পি এম তথা বামপন্থী মোর্চা তাহাদের পুর্বতন প্রতিনিধি জয়নাল আবেদিনকেই মনোনীত করিয়া প্রচারে ও দেওয়াল লিখনে প্রথম পর্য্যায়ে আগাইয়া রহিয়াছে। এবারে নির্বাচনে বিশেষ অবস্থা হইল ১৮ হইতে ২১ বৎসর পর্যন্ত তরুণ তরুণীদের ভোটাধিকার স্বীকৃত হওয়া। কংগ্রেস ভাবিতেছে ইহাদের ভোট তাহারা পাইবে, অন্যান্য দলগুলি ভাবিতেছে তাহারা পাইবে। অবশ্য একথা সঠিক যে ১৮-২১ বৎসরের ভোটদাতারা ভোট দানের ফলে প্রতিনিধি নির্বাচনের ক্ষেত্রে পূর্ব পূর্ব বৎসরের তুলনায় বিরাট পরিবর্তনের আশা বিদ্যমান। তদুপরি ইহারা স্বাধীনোত্তর যুগের তরুণ তরুণী। স্বাধীনতা আন্দোলনের বীর যোদ্ধা-দের প্রতি তাহাদের শ্রদ্ধা, অবিমিশ্র শ্রদ্ধা নহে। প্রাক্ স্বাধীনতা যুগের নাগরিকদের মত ইহারা তাঁহাদের প্রতি ভক্তিতে গদগদ নহে। ফলে গান্ধী, জহরলালকে লইয়া মাতামাতি কিংবা নেতাজীকে ভাঙ্গাইয়া ভোট আদায়ের ফিকিরে ইহারা ভুলিবে কিনা সন্দেহ আছে। সেক্ষেত্রে ইহারা মার্ক্স'বাদের কিংবা জাতীয় কংগ্রেসের মধ্যে একটি দলকে বাছিয়া লইবে, না উগ্র মৌলবাদের বন্যায় গা ভাসাইয়া দেশকে নতুন কোন পথে লইয়া যাইবে তাহা সঠিকভাবে বলা কঠিন। উগ্র হিন্দু মৌলবাদ বা মুসলীম মৌলবাদ যেভাবে মাথা চাড়া দিয়া উঠিয়াছে, এবং সেকুলারিজমের নামে সকল দলই যে ভাবে সংখ্যালঘু তোষণে মাতিয়া উঠিয়াছে তাহার ফলে দেশ আবার এক বিপজ্জনক সাম্প্রদায়িক মানসিকতার শিকার হইলেও আশ্চর্য্য হইবার কিছু নাই। অপর দিকে পাঞ্জাব, দার্জিলিং, অহম, ঝাড়খণ্ড, তামিল ও তেলেগু দেশমের নামে উগ্র বিচ্ছিন্নতা ও সংকীর্ণ জাতীয়তাবাদের প্রভাবও কম ক্ষতিকর নহে। সেই কারণেই বর্তমান নির্ব্বাচনের গুরুত্ব অনেক অনেক বেশি। এই নির্ব্বাচনই ঠিক করিয়া দিবে ভারত ত্রুটিমুক্ত গণতান্ত্রিক পথে আত্মপ্রকাশ করিবে না মৌলবাদের, বিচ্ছিন্নতাবাদের কবলে আত্ম সমর্পণ করিয়া আপন বৈশিষ্ট্য হারাইয়া বসিবে।

## কাকে ভোট দেবো, কেনই বা দেবো ?

আবদুর রহমান

পশ্চিমবঙ্গেও নির্ব্বাচনী কাজ শুরু হয়েছে সারা দেশের সঙ্গে। আর তিন সপ্তাহের মধ্যেই নবম লোকসভার সদস্যরা নির্ব্বাচিত হবেন। এই পশ্চিমবঙ্গ থেকেই নির্ব্বাচিত হবেন বিয়াল্লিশ জন সদস্য। জনগণ কাদের বা কোন দলকে নির্ব্বাচিত করবেন তার জন্যই নির্ব্বাচন। ১৯৪৭ সালের ১৫ই আগষ্ট বিদেশী কোম্পানী মার্কা পতাকাকে নামিয়ে ভারতের স্বাধীন পতাকা স্থান করে নিয়েছিল। মাঝে দেড় বছর বাদে প্রায় ৪১ বছর যাবৎ কেন্দ্রে কংগ্রেস সরকার প্রতিষ্ঠিত। কিন্তু শুধুমাত্র অর্থনৈতিক জীবন নয়, আমাদের রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক জীবনও আজ বিপর্য্যস্ত। দীর্ঘ ৪২ বছর পরেও গ্রাম ভারতের মানুষ, শ্রমিক, কৃষক মুক্তির স্বাদ খুঁজে পায়নি কেন ? অথচ দেশের বীর শহীদেরা তো এই ভারতবর্ষের জন্য প্রাণ উৎসর্গ করেননি। তাঁরা কি এ রকম স্বাধীনতা চেয়েছিলেন ? এঁরা কি ভেবেছিলেন যে, শতকরা ৯৯ জনের রক্ত চুষে গড়ে উঠবে মুন ফাখোরদের সম্পদের পাহাড়। এঁরা কি চেয়েছিলেন দেশে বেকারত্বের অভিশাপ তিল তিল করে দেশের যুব শক্তিকে ধ্বংস করবে ? ভেবেছিলেন স্বাধীন ভারতবাসী তার গণতান্ত্রিক অধিকার খুঁজে পাবে না, অথচ এগুলিই তো বর্ত্তমান ভারতের বাস্তব চিত্র। কেন্দ্রে কংগ্রেস ও পঃ বঙ্গে সি পি এমের শাসনেও একই ভাবে দুর্নীতি এবং অপচয় চলছে।

এবারকার নির্ব্বাচনে সাম্প্রদায়িকতার প্রশ্নটি এড়িয়ে যাওয়া সম্ভব নয়। আসাম, পাঞ্জাব; ঝাড়খণ্ডী, আমরা বাঙ্গালী প্রভৃতি বিচ্ছিন্নতা বাদের উত্থান ঘটেছে। বৈচিত্র্যের মধ্যে মিলন, সহাবস্থানের একটা ফরমূলা ছিল। এখন এই ফরমূলাকে বাদ দিয়ে জবর দস্তির যুগ শুরু হয়েছে। মানবতা বিরোধী আসুরিক নীতি ভারতকে অস্থিরতার মধ্যে নিক্ষেপ করেছে। এই নির্ব্বাচনে অবতীর্ণ দলগুলির একমাত্র নীতিই হল—গদি চিন্তা গদি ভক্ত, গদি কর সার। ভোট, নেতা, বক্তৃতা ইত্যাদি কারো প্রতি আজ আর জন-গণের তেমন আস্থা, আগ্রহ এবং আনুগত্য নেই। কারণ স্বাধীনতার ৪২ বছরের তিক্ত অভিজ্ঞতায় জনগণ নেতাদের প্রতি আস্থা হারিয়ে ফেলেছেন। এক এক করে জনগণ নেতাদের কাছে পেয়েছেন—মিথ্যা আশ্বাস, লাঞ্ছনা, বঞ্চনা, প্রতারণা, জুলুম, পীড়ন, হুমকী। সকলেই কমবেশী স্বার্থপর, ধান্দাবাজ। ফলে জনগণের মধ্যে দেখা দিয়েছে ভোট ও নেতাদের প্রতি অনীহা ও অশ্রদ্ধা। সং সত্যি-কারের চরিত্রবান ও আদর্শ জনদরদী নিষ্ঠাবান নেতা বিরল। ভয় দেখিয়ে ও সাময়িক কিছু পাইয়ে দিয়ে ভোটে জেতা যায়, তাতে কাজের কাজ হয় না। আর এই জন্যই দেশের এই অবস্থা? এখন তো নকল নেতা, হুজুগে নেতা, ধান্দাবাজ নেতায় দেশ ছেয়ে গেছে। কিন্তু প্রশ্ন এই মূল্যবান ভোটটি কাকে ও কেন দেবেন ? কেননা এই নির্ব্বাচনের মুহূর্তে প্রতিটি রাজনৈতিক দলই ভোট প্রার্থী। যেসব রাজনৈতিক দল এই নির্ব্বাচনে দাঁড়িয়েছে তাদের কারো লক্ষ্য স্ব সম্প্রদায়ের স্বার্থ আদায়, কারো স্ব শ্রেণীর স্বার্থোদ্ধার আবার কারো লক্ষ্য স্ব জাতের স্বার্থ আদায়। রাজ-নীতি আজ অর্থের জোর, পেশীর জোরের ব্যাপারে পরিণত হয়েছে। ভোটারেরা মহত্তর উদ্দেশ্যে ভোট প্রয়োগ করা ভুলে গেছে। ফলে রাজনীতির মান অত্যন্ত নীচু হয়ে গেছে। সব রাজনৈতিক দলেই অবক্ষয়ের চেহারা ফুটে উঠেছে। তবে কংগ্রেস যেহেতু কেন্দ্রীয় ক্ষমতা দখল করে রেখেছে, তারাই দেশের সবচেয়ে বড় দল এবং অনেক রাজ্যে তারাই সরকার চালাচ্ছে, তাই তারাই নতুন ব্যাধিতে আক্রান্ত হয়েছে সবচেয়ে বেশী। নির্ব্বাচন আসন্ন। আগামী পাঁচ বছর দিল্লী মসনদের শাসনভার কোন্ রাজনৈতিক দলের হাতে অর্পিত হবে সেই সিদ্ধান্তটি নেওয়া হবে (৩য় পৃষ্ঠায়)

## ক্লাবের বিরুদ্ধে জুলুম করে চাঁদা আদায়ের অভিযোগ

জঙ্গিপুর : স্থানীয় একটি নামী ক্ল'বের বিরুদ্ধে জুলুম করে চাঁদার নামে অর্থ আদায় করা হচ্ছে বলে বেশ কিছু ব্যবসাদার, ট্রাক ও বাস মালিক অভিযোগ তুলেছেন। শুধু তাই নয় ক্লাব সদস্যরা নিরীহ গরুর পাইকাররা গরু নিয়ে পথ হাঁটলেই তাঁদের বাংলাদেশের গরু পাচারকারী বলে হুমকী দিয়ে টাকা আদায় করছেন বলে অভিযোগ। কিন্তু ঐ ক্লাবের সাথে প্রভাবশালী রাজনৈতিক নেতা ও বিশিষ্ট কিছু নাগরিক জড়িত থাকায় ভয়ে কেউ ঐ ক্লাবের নাম করতে চান না। এ ব্যাপারে প্রশাসনিক তৎপরতা প্রয়োজন।

## ছেলে মেয়েদের পড়াশুনার খরচ চালাতে অভিভাবকরা ফতুর !

সাগরদীঘি : স্থানীয় অভিভাবকদের অভিযোগ উচ্চতর মাধ্যমিক স্কুলে ছেলেমেয়েদের পড়াশুনার খরচ এত বেড়ে গিয়েছে যে তাঁদের পক্ষে আর চালানো সম্ভব হচ্ছে না। তাঁদের অভিযোগ এ বছর ছাত্রছাত্রী ভর্ত্তি করতে একশ টাকা করে ডোনেশান দেওয়া ছিল বাধ্যতামূলক। তাও কোন রকমে সহ্য করা গিয়েছিল। কিন্তু এখন দেখা যাচ্ছে যেসব বিষয় নিয়ে এগার ক্লাসে তাঁরা ছেলেমেয়েদের ভর্ত্তি করেছেন, সে সব বিষয় শিক্ষকরা ক্লাসে ভালো করে পড়ান না এবং প্রত্যেক শিক্ষকই চান তাঁর কাছে ছাত্ররা প্রাইভেট পড়ুক। সপ্তাহে তাঁরা দুদিন প্রাইভেট পড়ান। টাকা নেন ৪০/৫০। নবনিযুক্ত প্রধান শিক্ষকও এ বিষয়ে উদাসীন। অভিভাবকদের প্রশ্ন—এই বিপুল ব্যয়ভার বহন করতে না পেরে কি শেষ পর্যন্ত তাদের ছেলেমেয়েদের লেখাপড়া বন্ধ করে দিতে হবে।

## যাত্রীবাস দুর্ঘটনা

ধুলিয়ান : সম্প্রতি এখান থেকে ফরাক্কা যাওয়ার পথে রতনপুর গ্রামের মধ্যে যাত্রীপূর্ণ 'মাতারা' বাসটি ব্রেক ফেল করে উল্টে যায়। রতনপুরের গ্রাম বাসীরা যাত্রীদের উদ্ধার করেন। কেউ মারা যায়নি। আহত কয়েকজনকে অনুপনগর হাসপাতালে ভর্তি করা হয় এবং পরের দিন তাদের ছেড়ে দেওয়া হয় বলে প্রকাশ। জানা যায়, বাসটি জঙ্গিপুর থেকে আসার পথে ডাকবাংলা মোড়ে ড্রাইভার নেমে যায় এবং কন্টাক্টর বাসটি চালিয়ে আনে। ফেরার পথে এই দুর্ঘটনা ঘটে। ড্রাইভার, কন্টাক্টর ও খালাসি পলাতক।

## শ্রীপতিমোহন দাস স্মৃতি সন্তরণ প্রতিযোগিতা

আহিরণ : গত ১৩ অক্টোবর প্রয়াত শ্রীপতিমোহন দাস স্মৃতি সন্তরণ প্রতিযোগিতার ৪র্থ বর্ষ উদযাপিত হয়। ১০০ ও ২০০ মিটারে মোট ১৬ জন প্রতিযোগী অংশ নেন। উভয় বিভাগেই বহরমপুর সুইমিং ক্লাবের পার্থ ভৌমিক প্রথম হন। ১০০ মিটারে ২য় জয়দেব মণ্ডল এবং ৩য় ইন্দ্রজিৎ সরকার। ২০০ মিটারে ২য় ভূদেব মণ্ডল এবং ৩য় জয়দেব মণ্ডল। বিজেতাদের রৌপ্যপদক ছাড়াও একটি করে চিরস্থায়ী শীল্ড ও প্রশংসা পত্র দেওয়া হয়।

## দল থেকে পদত্যাগ

ধুলিয়ান : সমসেরগঞ্জ থানা কমিটির সদস্য এস ইউ সি আই এর মো: মাইনুদ্দিন সম্প্রতি দল থেকে পদত্যাগ করেছেন বলে জানা যায়। মো: মাইনুদ্দিন তাঁর প্রচারিত হ্যাণ্ডবিলে এস ইউ সি আই সম্পর্কে নানা দুর্নীতির অভিযোগ জনগণের অবগতির জন্য তুলে ধরেছেন। এস ইউ সি আই এর জেলা কমিটির সদস্য স্থানীয় নেতা আব্দুস সইদের মতামত জানতে গেলে তিনি এ প্রসঙ্গ এড়িয়ে চলেন। স্থানীয় মানুষেরা অবশ্য মো: মাইনুদ্দিনের দলত্যাগকে তেমন কোন গুরুত্ব দিতে চান না। তাঁরা জানান মাইনুদ্দিন এর পূর্বে কংগ্রেস, আর এস পি, মুসলীম লীগ, জামায়েতি ইসলামী হিন্দ বহু দলের সঙ্গে যুক্ত ছিলেন এবং তাঁর এক গুয়েমীর জন্য কোন দলেই থাকতে পারেননি।

## অ্যামবাসাডার আক্রান্ত, মৃত্যু ১

ফরাক্কা : গত ২৪ অক্টোবর সন্ধ্যায় ফরাক্কা ফিডার ক্যানেলের ধারে আলাইপুরের কাছে এম এইচ ইউ ৮২৭৪ নম্বর একখানি অ্যামবাসাডারকে লক্ষ্য করে দুর্বৃত্তরা বোমা ছোঁড়ে। বোমার আঘাতে ঘটনাস্থলেই একজন আরোহী মারা যান। এখন পর্যন্ত কেউ ধরা পড়েনি। উল্লেখ্য, এই পথটি বেশ কিছুদিন ধরে বিপজ্জনক হয়ে উঠেছে। প্রায়ই ট্রাক, বাস দুর্বৃত্তরা আক্রমণ করছে। পুলিশী নিষ্ক্রিয়তা এসব ঘটনা বৃদ্ধি করতে সাহায্য করছে বলে স্থানীয় মানুষের অভিযোগ।

## মহকুমায় শ্যামাপূজা নির্বিঘ্নে

রঘুনাথগঞ্জ : স্থানীয় শহর ও মহকুমার বিভিন্ন অঞ্চলে শ্যামাপূজা নির্বিঘ্নে উদযাপিত হয়েছে। আবহাওয়া ভাল থাকায় পূজা মণ্ডপগুলিতে দর্শকের সমাগম ছিল প্রচুর। কোথাও কোন অপ্রীতিকর ঘটনার খবর মেলেনি।

## কাকে ভোট দেবো ;

(২য় পাতার পর)

আগামী ২৪শে নভেম্বর। কিন্তু ভোট দিয়ে সমাজের কোন আমূল পরিবর্তন এবং জনসাধারণের জীবন যে নানাবিধ সঙ্কটে জর্জরিত তার কোন প্রতিকার সম্ভব কি? এই মত পোষণ করতো বর্তমানে অংশগ্রহণকারী বামপন্থী দলগুলিও। কিন্তু তারাও একের পর এক তাদের নির্বাচন বয়কটের শ্লোগানকে পরিবর্ত্তিত করে নির্বাচনে অংশগ্রহণ করেছে। যে দেশের অধিকাংশ লোক দু'বেলা পেট ভরে খেতে পায় না, কাজ পায় না, যে দেশের অধিকাংশ নারী লজ্জা নিবারণের বস্ত্র পায় না, যে দেশের অধিকাংশ রোগী চিকিৎসার অভাবে মারা যায়, সে দেশের সাধারণ মানুষের গণতান্ত্রিক অধিকারের কথা তো প্রহসন মাত্র।

দিল্লীর সিংহাসন নিয়ে এখন কাড়াকাড়ি চলছে। মঞ্চে অনেক দাবীদার উপস্থিত। এই সুযোগে কে কতটা ভাগ বাটোয়ারা করে নিতে পারে। সকলেই দেশের জন্য ব্যস্ত, নিপীড়িত মানুষের জন্য কারোর ঘুম হচ্ছে না। কিন্তু যে দলই আজ ক্ষমতায় আসুন, সমস্যার কোন সমাধান করতে পারবেন না। হাতুড়ে টোটকা ওষুধ দিয়েও কিছু করার উপায় নেই। এই ধাঁচ, ঐ ধাঁচ, ৩৬ দফা, ২২ দফা, ৩০ দফা কোন দফা দিয়েই কিছু করার উপায় নেই। আমেরিকার এক কাগজ ঠাট্টা করে লিখেছে যে, রোগী এসেছিল ডাক্তারের কাছে। এসে দেখে ডাক্তার নিজে হাসপাতালে অক্সিজেন নিচ্ছে। ফলে এ অবস্থায় ইনজেকসন দিয়ে রাজীব গান্ধী, ভি পি সিং জ্যোতিবাবু যতই চেষ্টা করুন কিছুই হবে না। দেশের মানুষ কি কখনও ভেবেছিল যে, ভাবীকালে তাদের জন্য এমন ভয়ঙ্কর দিন আসতে পারে? যে রাজনীতি মিথ্যাভিত্তিক সত্যভ্রষ্ট, যা অন্যায়ের পক্ষে কাজ করে, যে রাজনীতি সর্ব্বনাশ করে, চরিত্র নষ্ট করে, মনুষ্যত্ব নষ্ট করে। নির্বাচন এ দেশে বারবার হয়েছে। কিন্তু মুক্তি আসেনি। সুবিধাবাদী দলগুলি তাকে নিজেদের স্বার্থে ব্যবহার করেছে উজীর নাজির হবার স্বার্থে। বর্তমানে চাই যথার্থ বিপ্লবী দল, বিপ্লবী আদর্শ যুক্ত দল আজ সারা দেশের সমাজ ভাঙছে, সভ্যতা ভাঙছে, অর্থনীতি, রাজনীতি, সংস্কৃতি, ন্যায়নীতি, মূল্যবোধ সব ধ্বসে পড়ছে।

আজ প্রতিটি রাজনৈতিক দল পরস্পর আত্মঘাতী হানাহানি ও ক্ষমতা দখলের উন্মত্ততায় মত্ত। পরিষদীয় রাজনীতিতে কে কার সাথে জোট বেঁধে গদী দখল করতে পারবে—এই চিন্তায় ব্যস্ত। তাই এই নির্ব্বাচনের গুরুত্বপূর্ণ মুহূর্ত্তে জনসাধারণ কোন পক্ষ বেছে নেবেন তার উপরই নির্ভর করছে এ দেশের ভবিষ্যৎ এবং শোষিত নিপীড়িত মানুষের শোষণ মুক্তির প্রশ্ন।

NTPC
नेशनल थर्मल पावर कारपोरेशन

# National Thermal Power Corporation Ltd.

(A GOVERNMENT OF INDIA ENTERPRISE)

## Farakka Super Thermal Power Project

P. O. NABARUN : DIST. MURSHIDABAD (W. B.)
PIN : 742 236

Sealed tenders are invited from experienced and registered contractors of NTPC/CPWD/Railways/WBSEB and public sector undertakings for the following works. Tender documents can be had in person showing the registration and credentials from the office of the undersigned during working hours of the date mentioned for sale of documents on payment of cost of tender documents for the works. Tenderers desiring documents by post should send Rs. 20-00 (Rupees Twenty only) extra for each work either by I. P. O. payable at Post Office, Khejuriaghat or Demand draft in favour of National Thermal Power Corporation Ltd. payable on State Bank of India at Farakka alongwith a copy of proof of registration and credentials.

The documents will be on sale from 30-10-89 to 25-11-89 between 9-00 to 12-00 hours and 14-30 hours to 16-00 hours on all working days. Tender will be received upto 3-00 p. m. of the tender opening date and will be opened as indicated below in presence of the attending tenderers or their authorised representatives.

| Sl. No. | Name of work | Approx. value of work | Amt. of EMD cost of tender paper | Completion period | Date & time of opening |
|---|---|---|---|---|---|
| 1. | Construction of new road and drain of 2×500 MW (stage-II) inside swithh yard area and near clariflowculators at plant site of FSTPP. NIT no. FS : 43 CS : 2034/T-97/89 | 22.5 lakhs | Rs. 45,000/- Rs. 100/- | 12 months | 27-11-89 at 3 p. m. |
| 2. | Maintenance of road at plant site of FSTPP. NIT no. FS : 42 : CS : 114 /T-98/89 | 23 lakhs | Rs. 46,000/- Rs. 100/- | 12 months | 27-11-89 at 3-30 p. m. |
| 3, | Repair and maintenance of Tildanga approach road up to Rly. station including RCC box culvert. NIT no. FS : 42 : CS : 1822/T-99/89 | 7 lakhs | Rs. 14,000/- Rs. 50/- | 12 months | 28-11-89 at 3 p. m. |
| 4. | Construction of boundary wall at Western side of MGR workshop beyond existing (part-ix) at plant site of FSTPP. NIT no. FS 42 : CS : 1139/ T-100/89 | 8 lakhs | Rs. 16,000/- Rs. 50/- | 8 months | 28-11-89 at 3-30 p. m. |
| 5. | Construction of Police Station building including boundary wall at ty. township of FSTPP. NIT no. FS : 42 : CS : 1824/T-101/89 | 6 lakhs | Rs. 12,000/- Rs. 50/- | 9 months | 29-11-89 at 3 p. m. |
| 6. | Construction of gate house complex in administration building of FSTPP. NIT no. FS : 42 ; CS : 1141/T-102/89 | 83 lakhs | Rs. 17,000/- Rs. 50/- | 9 months | 29-11-89 at 3-30 p. m. |
| 7. | Supply, erection, testing & commissioning (on turnkey basis) of 1T capacity stage type lift (rack & pinion) at crusher house of FSTPP. (Stage-1) NIT no. FS : 42 : CS : 1122/T-103/89 | 15 lakhs | Rs. 30,000/- Rs. 100/- | 8 months | 30-11-89 at 3 p. m. |

(Contd. 4)

## ধুলিয়ানের গ্রামে ডাকাতি

ধুলিয়ান ঃ গত ৩০ অক্টোবর সমসেরগঞ্জ থানার বহরাগাছি গ্রামের ছকড়ি মণ্ডলের বাড়ীতে এক ডাকাতি হয়। দুর্বৃত্তরা বাসনপত্র ও দোকানের বেশ কিছু মাল লুঠ করে নিয়ে পালিয়ে যায়। যাবার সময় তারা কয়েকটি বোমা ফাটায়। বোমার আঘাতে তিনজন প্রতিবেশী জখম হয়। এখন পর্যন্ত কেউ গ্রেপ্তার হয়নি।

## এস, ইউ, সি, আই প্রার্থীর জোরালো বক্তব্য

ধুলিয়ান ঃ জঙ্গিপুর লোকসভা ভোটযুদ্ধে দাঁড়িয়ে এস ইউ সি আই প্রার্থী আব্দুস সঈদ জনগণকে জানান—তিনি বরাবরই গ্রামগঞ্জের সর্বহারা শ্রমিক, কৃষক ও মেহনতী মানুষের জন্যে লড়াই করে চলেছেন। এই পার্টির সঙ্গে তাঁর যোগাযোগ হয় ১৯৬০ সালে। সেই সময় জেলার প্রখ্যাত জননেতা অচিন্ত্য সিংহের অনুপ্রেরণায় তিনি এস ইউ সি আই দলে যোগ দেন। তিনি জানান—নির্বাচন হচ্ছে রাজনৈতিক লড়াই এর মঞ্চ; রাজনৈতিক কর্মসূচীই সেখানে মুখ্য কথা। মিথ্যা কথায় প্রতিশ্রুতির ফুলঝুরি ছুটিয়ে জনসাধারণকে মোহগ্রস্ত করে খুব বেশী দিন রাখা যায় না। ধনতন্ত্রবাদ, সুবিধাবাদ, বিচ্ছিন্নতাবাদ, সাম্প্রদায়িকতার বিরুদ্ধে লড়তে এস ইউ সি আই প্রতিজ্ঞাবদ্ধ।

## ভাগীরথীতে মৃতদেহ উদ্ধার

সাগরদীঘি ঃ গত ২৬ অক্টোবর এই থানার কাবিলপুর অঞ্চলের মথুরাপুরে ভাগীরথীর জলে একটি লাশ পাওয়া যায়। লাশটি কান্তনগরের নিতাই দাসের (৩২) বলে সনাক্ত হয়। পুলিশের সন্দেহ রঘুনাথগঞ্জ থেকে ফেরার পথে তাকে খুন করে জলে ফেলে দেওয়া হয়। এখনও কেউ গ্রেপ্তার হয়নি।

## ইন্দিরা স্মরণসভা

সাগরদীঘি ঃ স্থানীয় ব্লকের মনিগ্রাম অঞ্চল কংগ্রেস কমিটি গত ৩১ অক্টোবর প্রয়াত প্রধান-মন্ত্রী ইন্দিরা গান্ধীর স্মরণসভার আয়োজন করেন এই উপলক্ষে সকাল ৬ টায় চাঁদপাড়া আদিবাসী গ্রাম থেকে মনিগ্রাম গর্গমুনির ঢিবি ৩ কিমি রাস্তা দৌড় প্রতিযোগিতায় ৪০ জন যুবক অংশ গ্রহণ করে। পরে এক মৌন মিছিল সমগ্র মনিগ্রাম পথপরিক্রমা করে। গর্গমুনির ঢিবির পাদদেশে অনুষ্ঠিত সভায় গীতা ও বাইবেল পাঠ করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন চিরকুমার গাঙ্গুলী। ইন্দিরা গান্ধীর কর্ম্মময় জীবন সম্পর্কে বক্তব্য রাখেন ইয়াসিন বিশ্বাস, রামপদ দাস ও প্রাক্তন বিধায়ক নৃসিংহকুমার মণ্ডল। শেষে রাস্তাদৌড় প্রতি-যোগীদের পুরস্কৃত করা হয়।

## বামফ্রন্ট প্রচারে এগিয়ে ( ১ম পৃষ্ঠার পর )

নির্ব্বাচনের দিন ঘোষণা হওয়ার পরদিনই সি, পি, এম তাদের প্রার্থীর সমর্থনে বিশাল এক মিছিল বের করে। কংগ্রেসের তরফে সে রকম কোন মিছিল এখনও দেখা যায়নি। জনৈক কংগ্রেসী নেতা জানালেন, তাঁরা ৩০ অক্টোবর পর্যন্ত কে প্রার্থী তাই জানতে পারেননি। তখনও কুমারদীপ্তি সেনগুপ্ত, হাবিবুর রহমান এবং মোঃ সোহরাব কে যে প্রার্থী হবেন এই নিয়ে মনে সংশয় থাকায় প্রচারে নেমে পড়া তাদের পক্ষে সম্ভব হয়নি। কংগ্রেসের এ দুর্ব্বলতাই তাদের বিপদ ঘটালে বিস্মিত হওয়ার কিছু নেই। স্থানীয় জনগণ মনে করেন ঘটনা তা নয়, আসলে এখানকার কংগ্রেসের মধ্যে ক্যাডারের অবস্থা খুবই সঙ্গীণ। যার ফলে তারা ব্যাপক প্রচারে নামতে পারছে না। কংগ্রেসের মধ্যে অনেকের কাছেই সোহরাব না—পছন্দ। অপরদিকে সি, পি, এম; আর, এস, পি প্রভৃতি বামদলগুলির ক্যাডার সংখ্যা প্রচুর। স্থানীয় সি, পি, এম অফিসে তৎপরতা এর মধ্যেই তুঙ্গে। গ্রামগঞ্জ থেকে অঞ্চল প্রধানদের প্রতিদিন পার্টি অফিসে হাজিরা দিতে দেখা যাচ্ছে। পার্টির ইলেকশন মেশিনারি প্রচণ্ড ভাবে চলমান। এর মধ্যেই গ্রামে গ্রামে তাদের এক তরফা ঘোরা হয়ে গেছে বলে খবর।

(Contd. 4)


## Terms and Conditions :—

1. Proof of registration, latest IT, ST & Professional tax clearance certificates and other credentials are to be shown at the time of obtaining tender forms and should be submitted alongwith the tender.
2. Interested parties are advised to visit to familiarise with the site conditions.
3. Tenders received late or without earnest money will not be entertained. Adjustment of earnest money against running account bill is not acceptable and earnest money is to be submitted in any of the acceptable form as mentioned in the tender paper. Tenderers registered with any other project of NTPC are not exempted from depositing EMD. Bids not accompanied by the requisite Bid Guarantee/N. S. C. not pledged by the Post master/Other Standard Forms of E. M. D. In a separate sealed cover or bid accompanied with bid Guarantee of Inadequate value shall not be entertained and in such cases bids shall be returned to the bidders without being opened.
4. NTPC takes no responsibility for delay or non-receipt of tender documents sent by post.
5. The authority of acceptance of any offer in part or in whole or dividing the work amongst more than one party solely rests with NTPC. NTPC does not bind itself to accept the lowest offer or any offer & reserves the right to cancel any or all the offers without assigning any reason.
7. For sl. nos, 1 to 6 parties must have executed similar type of work with value not less than 70% of estimated value in a single order.

   For sl. no. 7 parties must have supplied and commissioned successfully similar type of lift.
8. All the bidders have to produce P. F. A/c no. before 31, 1, 90.

**DY. MANAGER (CONTRACTS)**
**FSTPP / NTPC**

## দাঙ্গাতংকে ভুগছেন

( ১ম পাতার পর )

শ্রীমৎ স্বামী কিংকর তপানন্দ ব্রহ্মচারীর নেতৃত্বে এক সভা অনুষ্ঠিত হয়। স্বামীজী তাঁর ভাষণে বলেন—যত বাধাই আসুক আগামী ৯ নভেম্বর অযোধ্যায় রাম মন্দিরের ভিত্তি স্থাপন হবেই। তিনি আরও জানান, রাম জন্মভূমি বনাম বাবরী মসজিদ বিতর্ক অহেতুক। তিনি রাম মন্দিরের সপক্ষে প্রমাণগুলি জনগণের কাছে তুলে ধরেন। রাজনৈতিক নেতারা ও তাঁদের সমর্থকরা প্রতি ক্ষেত্রেই তাঁদের প্রচেষ্টাকে বাধা দিয়ে চলেছেন এবং সাম্প্রদায়িকতার বিষ তাঁরাই ছড়াচ্ছেন। নির্বাচনে এই ভাবে তাঁরা মুসলিম সমর্থন লাভের ফায়দা কুড়াতে চাইছেন। এই জনসভায় বিশ্বহিন্দু পরিষদের পক্ষ থেকে রাম মন্দিরের ফটো, হ্যাণ্ডবিল ও রামধূন গানের ক্যাসেট বিক্রি হয়। অপরদিকে এই সাম্প্রদায়িক রাজনীতিকে কেন্দ্র করে উভয় সম্প্রদায়ের মধ্যেই আতঙ্কের সৃষ্টি হয়েছে মহকুমার বিভিন্ন গ্রাম গঞ্জগুলিতে। সীমান্ত এলাকা অতিক্রম করে বেশ কিছু ভিনদেশী নাগরিক এই মহকুমায় প্রবেশ করে আবহাওয়া কলুষিত করার ব্যপক চেষ্টায় মেতেছে। প্রতিটি গ্রামেই প্রায় এ ধরনের খবর পাওয়া যাচ্ছে যে উভয় সম্প্রদায়ের মধ্যে সামান্য ঘটনাকে কেন্দ্র করে গণ্ডগোল সৃষ্টি হচ্ছে।

## ধর্মঘট ও ঘেরাও

( ১ম পাতার পর )

লোকের সঙ্গে অশালীন ব্যবহার করেন, এমন কি দৈহিক নির্যাতনও করেন। থানায় অভিযোগ জানিয়েও কিছু না হওয়ায়, অগত্যা প্রায় পাঁচশো কাজের লোক সংঘবদ্ধভাবে শৈলেন সাহার কাপড়ের দোকান 'বস্ত্র মিউজিয়াম' ঘেরাও করেন। অবস্থা ঘোরালো হয়ে উঠায় ফরাক্কা থানার ও সি ঘটনাস্থলে এসে শৈলেন সাহাকে ঘেরাওকারীদের কাছে ক্ষমা চাইতে বাধ্য করেন। এর পর ২৩ অক্টোবর থেকে ঝি-চাকরেরা ধর্মঘট প্রত্যাহার করে পুনরায় কাজে যোগ দেন।

## উলবোনা প্রশিক্ষণ শিবির

জঙ্গিপুর: গত ২৪ অক্টোবর পশ্চিমবঙ্গ সরকারের ক্রীড়া যুবকল্যাণ বিভাগের রঘুনাথগঞ্জ ২নং ব্লক যুবকরণের ব্যবস্থাপনায় ছ' মাসব্যাপী উলবোনা প্রশিক্ষণ শিবিরের সমাপ্তি উৎসব অনুষ্ঠিত হয়। ১৮ জন মহিলাকে শংসাপত্র প্রদান করেন ২নং ব্লকের বি ডি ও সেলিম পট্টুয়া। শিবিরে প্রশিক্ষক হিসাবে ছিলেন রঘুনাথগঞ্জের গৌতম চন্দ্র।

## কংগ্রেসীদের ক্ষোভ

( ১ম পাতার পর )

থেকে প্রচারিত হয়ে স্থানীয় কংগ্রেসী মহলে ক্ষোভের সৃষ্টি করেছে। কংগ্রেসী বিধায়কের এই সাম্প্রদায়িক বিবৃতির নিন্দা করেন কংগ্রেসের কৈলাশ সিংহসহ বহু সক্রিয় কর্মী। অপর দিকে সুতীর আর এস পি বিধায়ক শিস্ মহম্মদের বিবৃতি বলে কলকাতা থেকে প্রকাশিত 'মিযান' পত্রিকায় যা প্রকাশিত হয়েছে তাও মুসলীমদের সমর্থন করে হিন্দুদেরকে কটাক্ষ বলে আর এস পি-র অনেকেই মনে করেন। জানা যায় আর এস পির জেলা নেতৃত্ব শিস্ মহম্মদকে তাঁর বিবৃতি বলে যা বার হয়েছে তা সত্য কিনা এবং সেই বিবৃতির ব্যাখ্যা করতে লিখিতভাবে জানিয়েছেন।

## মাইক নিষিদ্ধ করে আদেশজারী

( ১ম পাতার পর )

রাম শলা পুজার খবর পাওয়া যায়। এক খবরে প্রকাশ, সুতী থানার অত্যুৎসাহী ওসি ফতুল্লাপুরে এক মন্দিরে পূজা চলাকালীন জুতো পায়ে মন্দিরে ঢোকেন ও অশালীন কথাবার্তা বলেন।

আনন্দ সংবাদ আনন্দ সংবাদ

টোটন হোমিও ফার্ম্মেসী

ইকোনোমিক কোম্পানীর পোটেন্সী, এম, ভট্টাচার্য্য এণ্ড কোম্পানীর মাদার টিংচার এবং বিশ্বস্ত কোম্পানীর যাবতীয় পেটেন্ট ও বায়োকেমিক ট্যাবলেট বিক্রয়ের বিশ্বস্ত প্রতিষ্ঠান।

( মুক্তা বুক সেন্টারের সামনে )

রঘুনাথগঞ্জ ॥ মুর্শিদাবাদ

## বি এস এফের সাতটি আটক নৌকা থেকে দুটি উধাও!

জঙ্গিপুর: লালগোলা থানার সেখালিপুর সীমান্তে বি এস এফ বাহিনী সাতটি নৌকাসমেত বাংলাদেশের এক চোরাচালানকারী দলকে গ্রেপ্তার করে। খবরে প্রকাশ, ওই সাতটি মাছ ধরা নৌকা ওপার বাংলার সীমান্ত পার হয়ে এপারে এলে বি এস এফ নৌকাগুলিকে আটক করে। পরে নৌকাগুলি রেখে চোরাচালানকারীদের ছেড়ে দেয়। হালে জানা গেছে সাতটি আটক নৌকার মধ্যে দুটি রহস্যজনকভাবে উধাও হয়েছে। সীমান্তের অধিবাসীদের সন্দেহ চোরাচালানকারীদের সাথে লেনদেনের সর্ত নিয়ে গোলমাল বাঁধায় নৌকাগুলো আটক করা হয়। এবং ক'দিন সীমান্তে মাল পাচারও বন্ধ ছিল। আবার তা চালু হয়েছে। দুটি নৌকা এ সময়েই উধাও হওয়ায় ব্যাপারটিকে গ্রামবাসীরা কাকতালীয় বলে মনে করছেন। তাঁরা বাকী ৫টি নৌকাও কয়েকদিনের মধ্যে উধাও হয়ে যাবে বলে সন্দেহ করছেন।

যৌতুকে VIP
সকল অনুষ্ঠানে VIP
ভ্রমণের সাথী VIP
এর জুড়ি কি আর আছে!
সংগ্রহ করতে চলে আসুন দুলুর দোকানের VIP সেন্টারে
এজেন্ট
প্রভাত ষ্টোর (দুলুর দোকান)
রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

বসন্ত মালতী
রূপ প্রসাধনে অপরিহার্য
সি, কে, সেন এ্যাণ্ড কোং লিমিটেড
কলিকাতা ॥ নিউ দিল্লী

কিস্তিতে মোটর বাইক/স্কুটার/টিভি/বাস/লরী কিনবেন?
বাড়ী করার জন্য লোন চান? বাস্তু জমি বা পুরানো বাস, লরী, মোটর সাইকেল, টিভি প্রভৃতি কেনাবেচা করতে চান? সত্বর যোগাযোগ করুন।
দিলসন্স্ মিউচুয়ালাইজার
DILSONS MUTUALISER
শ্মশানঘাট রোড, পোঃ রঘুনাথগঞ্জ, জেলা মুর্শিদাবাদ ৭৪২২২৫
বিঃ দ্রঃ ধুলিয়ান শাখা অফিস খোলার জন্য বেতন ও কমিশনে কর্মী চাই

রঘুনাথগঞ্জ (পিন—৭৪২২২৫) পণ্ডিত প্রেস হইতে অহুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।